এনসিপির নুসরাতের গেজেট স্থগিতের আবেদন মনিরা শারমিনের



মনিরা শারমিন ও নুসরাত তাবাসসুম। ছবি : সংগৃহীত

সংরক্ষিত নারী আসনের নির্বাচনে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) যুগ্ম আহ্বায়ক নুসরাত তাবাসসুমকে ঘিরে নতুন জটিলতা তৈরি হয়েছে। একই দলের নেত্রী মনিরা শারমিন নির্বাচন কমিশনের কাছে তার গেজেট প্রকাশ বন্ধ রাখার আবেদন জানিয়েছেন, যার ফলে শপথ নেওয়া নিয়ে অনিশ্চয়তা দেখা দিয়েছে।

১১ দলীয় জোটের প্রার্থী হিসেবে নুসরাতের মনোনয়ন বৈধতা পেলেও রোববার (৩ মে) তার শপথ হচ্ছে না। নির্বাচন কমিশন জানিয়েছে, বিষয়টি নিয়ে আইনি প্রক্রিয়া চলমান থাকায় এবং আপিলের সুযোগ রাখতেই গেজেট প্রকাশ আপাতত স্থগিত রাখা হয়েছে।

ইসি কর্মকর্তা আব্দুর রহমানেল মাছউদ বলেন, মনিরা শারমিনের করা রিট বর্তমানে আদালতে বিচারাধীন। ফলে পুরো বিষয়টি এখন আদালতের সিদ্ধান্তের ওপর নির্ভর করছে। যেহেতু সংরক্ষিত আসনটি একটি, আদালত কোনো নির্দেশনা দিলে কমিশনকে সে অনুযায়ী নতুন সিদ্ধান্ত নিতে হবে।

তিনি আরও জানান, গেজেট প্রকাশের পর আদালত ভিন্ন নির্দেশ দিলে তা বাতিলও হতে পারে। এমন পরিস্থিতিতে প্রার্থী দুইজন হিসেবে বিবেচনা করে জোটের ভেতরেই ভোটের মাধ্যমে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার সম্ভাবনাও রয়েছে।

উল্লেখ্য, গত ৩০ এপ্রিল সংরক্ষিত নারী আসনের ৪৯ জন সংসদ সদস্যের গেজেট প্রকাশ করেছে নির্বাচন কমিশন। রোববার রাত ৯টায় তাদের শপথ হওয়ার কথা থাকলেও সেই তালিকায় নুসরাতের নাম থাকছে না।

কমিশন সূত্রে জানা গেছে, আদালতের অগ্রগতি দেখে আগামীকাল গেজেট প্রকাশের বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হতে পারে।